

ঢাকা ওয়াসা

বিষয়: উচ্চতর গ্রেড প্রদান কমিটির সভা সংক্রান্ত।

০১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

০২। ঢাকা ওয়াসায় কর্মরত ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণের (২য়-১০ম গ্রেডের কর্মকর্তা) উচ্চতর গ্রেড প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির একটি সভা আগামী ০৮/০৯/২০২৫ তারিখ সোমবার বেলা ৩.০০ ঘটিকায় উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)-এর কক্ষে (৩য় তলা, ওয়াসা ভবন) অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে উচ্চতর গ্রেড প্রদান সংশ্লিষ্ট কমিটির সদস্য ও সহায়কগণের সম্মানী ভাতা প্রদানের প্রয়োজন হবে। এক্ষেত্রে কমিটির আহ্বায়ক, সদস্য ও সদস্য-সচিব এর জন্য সম্মানী ভাতা বাবদ {৫,০০০ X ৬} = ৩০,০০০/- টাকা, ০১ জন সহায়ক কর্মকর্তার ২,০০০/- টাকা, ০১ জন অফিস সুপারিনটেনডেন্ট ১,৫০০/- টাকা এবং ৩ জন কর্মচারীর সম্মানী বাবদ (১০০০ X ৩) = ৩,০০০/- টাকাসহ সর্বমোট (৩০,০০০ + ২,০০০ + ১,৫০০ + ৩,০০০) = ৩৬,৫০০/- টাকা নির্ধারণ করা যেতে পারে। এছাড়া স্টেশনারী মালামাল ক্রয় বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করা যেতে পারে।

০৩। অনুচ্ছেদ-২ এর বর্ণনামতে উচ্চতর গ্রেড প্রদান কমিটির সভায় সর্বমোট ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলেঃ

ক. সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে উচ্চতর গ্রেড প্রদান কমিটির সদস্যগণকে নোটিশ প্রদান করা যায়।

খ. আপ্যায়ণের ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।

গ. উচ্চতর গ্রেড প্রদান কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ও স্টেশনারী খরচ বাবদ সর্বমোট ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা প্রদানের বিষয়ে হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যায়।

০৪। উপরোক্ত নোট অনুঃ ০৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

4/9/25

সাইফুল ইসলাম
অতিরিক্ত সচিব
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ শাহজাহান হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

নূরুজ্জামান মিয়া
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

DMD (HR & Admin)

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

মোঃ শাহজাহান মিয়া
সচিব
ঢাকা ওয়াসা

ব্যবস্থাপনা পরিচালক

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।